



## নাহিদ ইসলামের সঙ্গে ইইউ প্রতিনিধিদলের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় চিফ ছইপ ও জাতীয় নাগরিক কমিটির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) একটি উচ্চপর্যায়ের নির্বাচনি পর্যবেক্ষণ দল।

মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদ ভবনে চিফ ছইপের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন মিশন প্রধান ইভার্স ইজাবস। তাঁর সঙ্গে ছিলেন ডেপুটি হেড বাইবা জারিনা, ডেপুটি চিফ অবজারভার ইনটা লাসে, লিগ্যাল অ্যানালিস্ট ইরিনি মারিয়া গুনরি এবং সদস্য রায়ান ইসলাম।

আলোচনার একপর্যায়ে ইইউ প্রতিনিধিদল বাংলাদেশের সর্বশেষ সংসদীয় নির্বাচন নিয়ে প্রশস্ত করা তাদের পূর্ণাঙ্গ পর্যবেক্ষণ প্রতিবেদনটি আনুষ্ঠানিকভাবে নাহিদ ইসলামের কাছে হস্তান্তর করে।

বৈঠকের আলোচনায় 'জুলাই সনদ' গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে উঠে আসে। ইইউ প্রতিনিধি দল এ সনদের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানতে আগ্রহ দেখায়। জবাবে নাহিদ ইসলাম সরকারের ভূমিকার সমালোচনা করে বলেন, জুলাই আন্দোলনের প্রতিশ্রুত সংস্কার বাস্তবায়নে সরকার প্রত্যাশা পূরণে ব্যর্থ হচ্ছে।

তিনি আরও উল্লেখ করেন, জুলাই অভ্যুত্থান থেকে উঠে আসা প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত পরিবর্তনের দাবিগুলো বাস্তবায়নে এনসিপি সংসদের ভেতরে ও বাইরে তাদের আন্দোলন অব্যাহত রাখবে।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম আহ্বায়ক ও নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট আবদুল্লাহ আল আমিন এবং যুগ্ম সদস্য সচিব আলাউদ্দিন মোহাম্মদ।